বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পরিক্রমা

জুলাই-সেপ্টেম্বর ২০২৩ বর্ষ ৭ সংখ্যা ২২

www.brdb.gov.bd

## ভেতরের পাতায় গুরুত্বপূর্ণ শিরোনাম....

| | |
|---|---|
| মোসাম্মৎ হামিদা বেগম, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ মহোদয়-এর পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় কর্তৃক বাস্তবায়িত এক পণ্য এক পল্লীভিত্তিক বিআরডিবি জীবিকায়ন পল্লী (হস্তশিল্প)-এর সুফলভোগীদের সাথে মতবিনিময় | ২ |
| যশোরে পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় এর কর্মশালায় মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | ৩ |
| যশোরে জীবিকায়ন শিল্প পল্লীর উদ্বোধন করেন মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | ৪ |
| ইরেসপো- ২য় পর্যায় এর উপকারভোগী সদস্যদের প্রশিক্ষণ শেষে সেলাই মেশিন বিতরণ | ৬ |
| পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সাথে বিআরডিবি'র কর্মকর্তা-কর্মচারীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত | ৭ |
| জেলার সাথে ২১-২২ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান | ৭ |
| অন্যান্য | ৮ |



১৫ আগস্ট ২০২৩ খ্রি. তারিখে সর্বকালের সর্বশ্রেষ্ট বাঙ্গালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস শ্রদ্ধার সাথে যথাযথ মর্যাদার বিআরডিবি'র সদর দপ্তর এবং জেলা ও উপজেলা অফিসসমূহে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে পালিত হয়। জাতির পিতার প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে ধানমন্ডিস্থ ৩২নং-এ জাতির পিতার প্রতিকৃতিতে এবং পল্লী ভবনের নীচ তলায় স্থাপিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে বিআরডিবি'র মহাপরিচালক জনাব আঃ গাফ্ফার খান ও বিআরডিবি'র অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। শোক দিবস উপলক্ষ্যে বিআরডিবি'র সম্মেলন কক্ষে জাতির পিতা ও তাঁর পরিবারের অন্যান্য শহিদ সদস্য ও শহিদ বীর মুক্তিযোদ্ধাদের আত্মার মাগফেরাত কামনা করে এবং দেশের অব্যাহত উন্নয়ন ও সমৃদ্ধির জন্য বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। এছাড়াও এই দিবস উপলক্ষ্যে বিআরডিবি'র পল্লী ভবনের বঙ্গবন্ধু কর্ণারে মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধুর জীবনী সম্পর্কিত ভিডিও প্রদর্শন করা হয়। বিআরডিবি'র আবাসিক কোয়ার্টারে বিভিন্ন প্রতিযোগিতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয় এবং প্রতিযোগিতায় উত্তীর্ণ প্রতিযোগীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।



## মহাপরিচালকের বার্তা

পল্লী এলাকার জনগণকে সংগঠিত ও প্রশিক্ষণের মাধ্যমে অধিক খাদ্য উৎপাদন, আধুনিক কৃষি পদ্ধতির সম্প্রসারণ, কৃষি উৎপাদন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং পল্লী অঞ্চলের কর্মসংস্থান সৃজন করার লক্ষ্যে সরকারের গুরুত্বপূর্ণ সেবাদানকারী প্রতিষ্ঠান বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন "*পল্লী পরিক্রমা*" জুলাই-সেপ্টেম্বর-২০২৩ বর্ষ ৭, সংখ্যা ২২ প্রকাশিত হল। এই দায়িত্বপূর্ণ কাজটির সাথে সংশ্লিষ্ট সকলকে আমার পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন জানাই।

আঃ গাফ্ফার খান
মহাপরিচালক (গ্রেড-১)

## বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ৫৩তম বোর্ড সভা অনুষ্ঠিত




১১ সেপ্টেম্বর ২০২৩ তারিখে কাওরান বাজারস্থ পল্লীভবনের সম্মেলন কক্ষে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ৫৩তম বোর্ড সভা অনুষ্ঠিত হয়। সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং বিআরডিবি'র পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম এমপি এবং উক্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য এমপি এবং জনাব মোসাম্মৎ হামিদা বেগম সচিব ,পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগসহ বোর্ডের সকল সদস্যগণ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পরিক্রমা

জুলাই-সেপ্টেম্বর ২০২৩ বর্ষ ৭ সংখ্যা ২২

**জনাব মোসাম্মৎ হামিদা বেগম, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ মহোদয় ১৮/০৯/২০২৩ তারিখে জামালপুর জেলার সদর উপজেলায় পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় কর্তৃক বাস্তবায়িত এক পণ্য এক পল্লীভিত্তিক বিআরডিবি জীবিকায়ন পল্লী (হস্তশিল্প)-এর সুফলভোগীদের সাথে মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন।**




## বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে গড়ে তোলা দক্ষ উদ্দ্যোক্তাদের উৎপাদিত পণ্য পরিদর্শণ




জনাব মোসাম্মৎ হামিদা বেগম, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ মহোদয় ১৮/০৯/২০২৩ তারিখে জামালপুর জেলার সদর উপজেলায় পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় কর্তৃক বাস্তবায়িত এক পণ্য এক পল্লীভিত্তিক বিআরডিবি জীবিকায়ন পল্লী (হস্তশিল্প) সুফলভোগীদের উৎপাদিত পণ্য পরিদর্শণ করছেন।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

পল্লী পরিক্রমা

জুলাই-সেপ্টেম্বর ২০২৩ বর্ষ ৭ সংখ্যা ২২

# মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলায় পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় কর্তৃক বাস্তবায়িত এক পণ্য এক পল্লীভিত্তিক বিআরডিবি জীবিকায়ন পল্লী (পান থেকে তৈল উৎপাদন)-এর সুফলভোগীদের সাথে মতবিনিময় সভা

জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক, বিআরডিবি মহোদয় ১৫/০৭ /২০২৩ তারিখে মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলায় পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় কর্তৃক বাস্তবায়িত এক পণ্য এক পল্লীভিত্তিক বিআরডিবি জীবিকায়ন পল্লী (পান থেকে তৈল উৎপাদন) সুফলভোগীদের সাথে মতবিনিময় করছেন। এই মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন বিআরডিবির বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং সুফলভোগীগণ।




# নেত্রকোনায় পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় এর মধ্যবর্তী মূল্যায়ন সভা




পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় এর মধ্যবর্তী মূল্যায়ন কালে ০৬/০৮/২০২৩ তারিখে ড. অঞ্জন কুমার দেব রায়, অতিরিক্ত সচিব, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন নেত্রকোনা জেলার মোহনগঞ্জ উপজেলার জীবনপুর মহিলা পল্লী উন্নয়ন দলের সদস্য এবং স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গদের সাথে মতবিনিময় করছেন।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

পল্লী পারিক্রমা

জুলাই-সেপ্টেম্বর ২০২৩ বর্ষ ৭ সংখ্যা ২২

# ৫৩তম বোর্ড সভায় অনুমোদন, ৫% হারে গৃহ নির্মাণ ঋণ পাবে বিআরডিবি'র কর্মকর্তা-কর্মচারীগণ

১১ সেপ্টেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ৫৩তম বোর্ড সভায় গৃহ নির্মাণ ঋণ নীতিমালা-২০২৩ অনুমোদিত হয়। বিআরডিবি'র কর্মকর্তা-কর্মচারীদের জন্য সুদের হার ৫% নির্ধারণ করা হয়। ঋণের সিলিং সর্বোচ্চ ৫৫.০০ লক্ষ টাকা এবং সর্বনিম্ন ১০.০০ লক্ষ টাকা । সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি বলেন, বর্তমান সরকার সরকারী কর্মকর্তা-কর্মচারিদের ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদানের জন্য গৃহ নির্মাণ ঋণ নীতিমালা প্রণয়ন করে। সরকারি গৃহ নির্মাণ ঋণ নীতিমালার সাথে সামঞ্জস্য রেখেই বিআরডিবিতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ এই ঋণ সুবিধা পাবে। এসময় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব স্বপন ভট্টাচার্য্য এমপি এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় সচিব জনাব মোসাম্মৎ হামিদা বেগম এবং বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মহাপরিচালক (গ্রেড-১) জনাব আঃ গাফ্ফার খান ।






পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় এর মধ্যবর্তী মূল্যায়ন কালে ১৫/০৭/২০২৩ তারিখে জনাব রুমি তনচংগ্যা, উপপ্রধান, কাযক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন এবং মূল্যায়ন টিমের অন্যান্য সদস্যগণ কক্সবাজার জেলার রামু উপজেলার রামকোট উত্তরপাড়া পল্লী উন্নয়ন দল পরিদর্শন করছেন। এ সময় বিআরডিবির কক্সবাজার জেলার কর্মকর্তা কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



ঝালকাঠির রাজাপুর উপজেলার সেনেরচর গ্রামের প্রায় ১ কিলোমিটার কাঁচা রাস্তা। সামান্য বৃষ্টি হলেই চলাচলের অনুপযোগী হয়ে যায় এ রাস্তাটি। এতে বিপাকে পড়েন ওই এলাকার শত শত সাধারণ মানুষ ও শিক্ষার্থীরা । এত বছরেও কাঁচা রাস্তাটিতে ইটের ছোঁয়া না লাগায় চরম ভোগান্তির শিকার হচ্ছেন এলাকাবাসী।
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর পিআরডিপি-৩ শীর্ষক প্রকল্পের মাধ্যমে ৩৫০ ফুট ইটের সলিং-এর রাস্তা নির্মাণ করে দেয়। বিআরডিবি মনে করেন, রাস্তাটি গ্রামবাসীর জীবন যাত্রার মানোন্নয়নে ভূমিকা রাখবে।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পরিক্রমা

জুলাই-সেপ্টেম্বর ২০২৩ বর্ষ ৭ সংখ্যা ২২




৮ আগস্ট ২০২৩ তারিখ বঙ্গমাতা বেগম ফজিলাতুননেছা মুজিব-এর ৯৩তম জন্মবার্ষিকী যথাযথ মর্যাদায় বিআরডিবি'র সকল জেলা ও উপজেলা অফিসসমূহে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে উদযাপন করা হয়। জন্মবার্ষিকী উপলক্ষ্যে বিআরডিবি'র সম্মেলন কক্ষে স্বাধীন বাংলাদেশ সৃষ্টিতে বঙ্গমাতার অবদান সম্পর্কে আলোচনা ও তাঁর আত্মার মাগফিরাত কামনা করে দোয়া মাহফিলের আয়োজন করা হয়।




৫ আগস্ট ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল এর জন্মবার্ষিকী পালন করেছে বিআরডিবি কর্তৃপক্ষ। এই দিবস উপলক্ষ্যে বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামালসহ পরিবারের সকল শহীদ-এর বনানীস্থ কবরে পুষ্পস্তবক অর্পণ করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব আঃ গাফ্‌ফার খান ও বিআরডিবি'র অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ এবং বিআরডিবি'র সম্মেলন কক্ষে বিশেষ আলোচনা সভা এবং দোয়া ও মোনাজাতের আয়োজন করা হয়।




২৩ আগস্ট ২০২৩ খ্রি. তারিখে বিআরডিবি'র সদর দপ্তরে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এর ৪৮তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। আলোচনা সভা ও দোয়া মাহফিলের প্রধান আলোচক ছিলেন জনাব কবির বিন আনোয়ার, সাবেক মন্ত্রিপরিষদ সচিব এবং সভাপতিত্ব করেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (গ্রেড-১), বিআরডিবি। উক্ত আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করেন বিআরডিবি'র অফিসার্স এ্যাসোসিয়েশনের কেন্দ্রীয় কমিটি।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

পল্লী পরিক্রমা

জুলাই-সেপ্টেম্বর ২০২৩ বর্ষ ৭ সংখ্যা ২২

# বিআরডিবি'র উপপরিচালকগণের তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, সুশাসন ও শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ






২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখ জেলা পর্যায়ে কর্মরত বিআরডিবি'র উপপরিচালকগণের তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, সুশাসন ও শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা বিআরডিবি'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কর্মশালার প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক (গ্রেড-১), বিআরডিবি এবং সভাপতিত্ব করেন জনাব মোঃ শহিদুল ইসলাম, এনডিসি (যুগ্ম সচিব), পরিচালক (প্রশাসন), বিআরডিবি।






২৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখ বিআরডিবি'র সদর দপ্তর ও জেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ব্যবস্থাপনা পদ্ধতি (APAMS) সফটওয়্যার ব্যবহার বিষয়ক TOT প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালার শুভ উদ্বোধন করেন জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক (গ্রেড-১), বিআরডিবি এবং সভাপতিত্ব করেন জনাব মোঃ সরদার কেরামত আলী, (যুগ্ম সচিব), পরিচালক (পরিকল্পনা), বিআরডিবি।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পারিক্রমা

জুলাই-সেপ্টেম্বর ২০২৩ বর্ষ ৭ সংখ্যা ২২




২৭ জুন ২০২২ খ্রি. বিআরডিবি'র সম্মেলন কক্ষে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সাথে বিআরডিবি'র কর্মকর্তা-কর্মচারীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মশিউর রহমান এনডিসি সচিব, পল্লী উন্নয়ন ও সমাবয় বিভাগ, সভায় সভপতিত্ব করেন জনাব এস. এম. মাসুদুর রহমান, মহাপরিচালক (ভারপ্রাপ্ত), বিআরডিবি এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) জনাব চন্দন কুমার দে সহ বিআরডিবি কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।




গত ৭ জুন ২০২২ তারিখে পূর্বাচল ক্লাব মিলনায়তনে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের নারায়ণগঞ্জ জেলার মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মহাপরিচালক (ভারপ্রাপ্ত) জনাব এস. এম. মাসুদুর রহমান। উপপরিচালক, বিআরডিবি, নারায়নগঞ্জ জনাব মিজানুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় নারায়ণগঞ্জ জেলার সকল স্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




গত ২১ জুন ২০২২ তারিখে বিআরডিবি'র সম্মেলন কক্ষে বিআরডিবি'র জেলা কার্যালয়সমূহের সাথে বিআরডিবি সদরদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক (ভারপ্রাপ্ত) জনাব এস.এম. মাসুদুর রহমান। মহাপরিচালক মহোদয় বিআরডিবি'র জেলা কার্যালয়ের প্রধানদের সাথে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করেন।



গত ২০ জুন ২০২২ খ্রি. বিআরডিবি সদরদপ্তরের ১০-১৬ গ্রেডের কর্মকর্তা-কর্মচারীদের দিনব্যাপী সেবা প্রদানের প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন বিআরডিবি'র মহাপরিচালক (ভারপ্রাপ্ত) জনাব এস.এম. মাসুদুর রহমান। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমের সভাপতিত্ব করেন প্রফেসর ড. মোহাম্মদ মোস্তফা কামাল, পরিচালক (প্রশিক্ষণ), বিআরডিবি।

# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর ত্রৈমাসিক ই-বুলেটিন

# পল্লী পরিক্রমা

জুলাই-সেপ্টেম্বর ২০২৩ বর্ষ ৭ সংখ্যা ২২






**যোগাযোগ:**

উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লীভবন
৫ ,কাওরান বাজার, ঢাকা।

ফোন : ০২-৮১৮০০১৮
মোবাইল : ০১৭১৬-৭৪৫৫৭২
ফ্যাক্স : ০২-৮১৮০০০৩
Email : ddprc@brdb.gov.bd
Web : www.brdb.gov.bd

www.facebook.com/brdb.gov/

www.youtube.com/channel
UC6JvyUA74AJFYtIqNEPHs0A featured

https://twitter.com/_BRDB




২৩ আগস্ট ২০২৩ খ্রি. তারিখে বিআরডিবি'র সদর দপ্তরে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৮তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানের প্রধান আলোচক জনাব কবির বিন আনোয়ার, সাবেক মন্ত্রিপরিষদ সচিব, বিআরডিবি'তে অবস্থিত বঙ্গবন্ধু কর্ণার পরিদর্শন করেন।






২৩ আগস্ট ২০২৩ খ্রি. তারিখে বিআরডিবি'র সদর দপ্তরে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৮তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানের সভাপতি জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (গ্রেড-১), বিআরডিবি, বলেন, বহির বিশ্ব থেকে স্বাধীন বাংলাদেশের স্বীকৃতি এবং বাংলাদেশকে সোনার বাংলা হিসাবে গড়ে তোলার ক্ষেত্রে বঙ্গবন্ধুর অবদান ছিল তুলনাহীন। বাংলাদেশকে সোনার বাংলা হিসাবে গড়ে তোলার জন্যই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিআরডিবি (আইআরডিপি) প্রতিষ্ঠা করেন। বাংলাদেশের গ্রামীণ অর্থনৈতিক উন্নয়নে বিআরডিবি গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গৃহীত গ্রামকে শহরে পরিণত করার উদ্দ্যোগ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বিআরডিবি। উক্ত অনুষ্ঠানের প্রধান আলোচক ছিলেন জনাব কবির বিন আনোয়ার, সাবেক মন্ত্রিপরিষদ সচিব এবং অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিআরডিবি'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা- কর্মচারী।


মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর পক্ষে উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়), পল্লীভবন, ৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫ কর্তৃক প্রকাশিত ও প্রচারিত
ফোন: ০২-৮১৮০০১৮, ফ্যাক্স: ০২-৮১৮০০০৩, ই-মেইল: ddprc@brdb.gov.bd, ওয়েবসাইট: www.brdb.gov.bd